রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, মার্চ ১৩, ২০২৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

(মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক)

## প্রজ্ঞাপন

তারিখ: ২৮ ফাল্গুন, ১৪২৯ বঙ্গাব্দ/১৩ মার্চ, ২০২৩ খ্রিষ্টাব্দ

**এস.আর.ও নং ৭০-আইন/২০২৩/২১১/মূসক।**—সরকার, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১২৬ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে, Customs Act, 1969 এর (Act No. IV of 1969) এর FIRST SCHEDULE-ভুক্ত পণ্যসমূহের মধ্যে নিম্নবর্ণিত TABLE এর কলাম (1) এ উল্লিখিত Heading এর বিপরীতে কলাম (2) এ বর্ণিত H. S. Code এর বিপরীতে কলাম (3) এ উল্লিখিত পণ্যের উপর আরোপণীয় সমুদয় সম্পূরক শুল্ক হইতে অব্যাহতি প্রদান করিল, যথা:—

**TABLE**

| Heading | H. S. Code | Description of Goods |
|---|---|---|
| (1) | (2) | (3) |
| 25.17 | 2517.10.90 | Limestone |

**শর্তাবলি:**

(ক) সংশ্লিষ্ট আমদানিকারককে Industrial IRC holder VAT compliant উৎপাদনকারী শিল্প হইতে হইবে;

**ব্যাখ্যা।—**

(অ) "Industrial IRC holder" অর্থ এইরূপ প্রতিষ্ঠান যাহার নিকট আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর হইতে ইস্যুকৃত হালনাগাদ শিল্প ভোক্তা আইআরসি রহিয়াছে;

(আ) "VAT compliant" অর্থ মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ ও মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬ এর অধীন নিবন্ধিত নিয়মিত দাখিলপত্র পেশ করে এইরূপ উৎপাদনকারী প্রতিষ্ঠান;

(খ) পণ্য আমদানি ও খালাসের লক্ষ্যে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানটির হালনাগাদ নবায়নকৃত শিল্প ভোক্তা আইআরসি রহিয়াছে এবং ১৩ ডিজিট সংবলিত মূল্য সংযোজন কর (মূসক) নিবন্ধিত প্রতিষ্ঠানটি বিবেচ্য বিল অব এন্ট্রি দাখিলের অব্যবহিত পূর্ববর্তী মাসের মূসক দাখিলপত্র (রিটার্ন) দাখিল করিয়াছে মর্মে কাস্টমস কম্পিউটার সিস্টেমে বা ভ্যাট অনলাইন সিস্টেমে বা জাতীয় রাজস্ব বোর্ডের ওয়েবসাইটে বা ভ্যাট কমিশনারেটের ওয়েবসাইটে ইলেকট্রনিক তথ্য প্রদর্শিত থাকিতে হইবে:

তবে শর্ত থাকে যে, কোনো দৈব-দুর্বিপাক বা কোনো যৌক্তিক কারণে ইলেকট্রনিক তথ্য পাওয়া সম্ভব না হইলে সংশ্লিষ্ট কমিশনার অব কাস্টমস প্রতি ক্ষেত্রে কারণ লিপিবদ্ধ করিয়া শুল্কায়নের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করিতে পারিবে; এবং

(গ) বাংলাদেশ রপ্তানি প্রক্রিয়াকরণ অঞ্চল কর্তৃপক্ষ (BEPZA), বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ (BEZA), বাংলাদেশ হাইটেক পার্ক কর্তৃপক্ষ অথবা আইনের অধীন প্রতিষ্ঠিত অন্য যে কোনো কর্তৃপক্ষের নিয়ন্ত্রণাধীন শিল্প প্রতিষ্ঠান যাহাদের জন্য শিল্প ভোক্তা আইআরসি গ্রহণের বাধ্যবাধকতা নাই সেইরূপ ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত আমদানি অনুমতিপত্র দাখিল করিতে হইবে।

২। আমদানি ও শুল্কায়ন সংক্রান্ত অন্যান্য বিষয়সহ শর্তাবলির দফা (ক) ও (খ) এর শর্ত পরিপালন করা হইয়াছে কিনা তাহা সংশ্লিষ্ট শুল্কায়নকারী কর্মকর্তা কর্তৃক যাচাই করিয়া নিশ্চিত হইতে হইবে এবং শুল্কায়ন তত্ত্বাবধানকারী সংশ্লিষ্ট ডেপুটি কমিশনার বা সহকারী কমিশনার পর্যায়ে শুল্কায়ন অনুমোদন করাইতে হইবে।

৩। শুল্কায়ন তত্ত্বাবধানকারী সংশ্লিষ্ট ডেপুটি কমিশনার বা সহকারী কমিশনার শুল্কায়নে বিলম্ব পরিহারের লক্ষ্যে কাস্টমস কম্পিউটার সিস্টেম বা ভ্যাট অনলাইন সিস্টেম বা জাতীয় রাজস্ব বোর্ডের ওয়েবসাইট বা ভ্যাট কমিশনারেটের ওয়েবসাইট হইতে সঠিকতা যাচাই করিবেন।

৪। প্রত্যেক মূসক কমিশনার কাস্টম হাউস বা কাস্টমস স্টেশন কর্তৃপক্ষ অথবা জাতীয় রাজস্ব বোর্ডের Customs Information System (CIS) সেলের সহিত নিয়মিত যোগাযোগ রাখিয়া তাহার প্রশাসনিক এলাকাধীন রেয়াতি সুবিধা ভোগকারী আমদানিকারক-উৎপাদকদের একটি হালনাগাদ তালিকা প্রণয়নপূর্বক প্রত্যেকের আমদানি তথ্য সংগ্রহ ও যাচাই করিবেন।

৫। এই প্রজ্ঞাপনের আওতায় রেয়াতি হারে আমদানিকৃত উপকরণ বা কাঁচামাল অনুযায়ী ব্যবহারপূর্বক মূসক আইন ও মূসক বিধিমালা অনুযায়ী যথাযথ পরিমাণ মূসক ও সম্পূরক শুল্ক, যদি থাকে, প্রদান করা হইয়াছে বা হইতেছে কিনা তাহা সংশ্লিষ্ট মূসক কমিশনারেট অডিট বা যাচাইপূর্বক নিশ্চিত করিবেন।

৬। কোনো আমদানিকারক এই প্রজ্ঞাপনে প্রদত্ত রেয়াতি সুবিধার অপব্যবহার করিয়াছেন বা করিতেছেন মর্মে দফা (৫) এ উল্লিখিত কর্তৃপক্ষ হইতে সুনির্দিষ্ট প্রামাণিক তথ্য সংবলিত অভিযোগ পাওয়া গেলে সংশ্লিষ্ট কাস্টম হাউস বা কাস্টমস স্টেশন কর্তৃপক্ষ উক্ত অভিযোগের নিষ্পত্তি না হওয়া পর্যন্ত উক্ত আমদানিকারকগণকে এই প্রজ্ঞাপনের অধীন রেয়াতি সুবিধা প্রদান স্থগিত রাখিবে।

৭। দফা (৬) এ বর্ণিত অভিযোগ চূড়ান্তভাবে প্রতিষ্ঠিত হইলে অপব্যবহারজনিত রেয়াতের সহিত সংশ্লিষ্ট শুল্ক ও কর আদায় ছাড়াও Customs Act, 1969 এর section 156 এর sub-section (1) এর টেবিল এর Item 10A এর বিধান অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করিতে হইবে।

৮। এই প্রজ্ঞাপন অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**আবু হেনা মোঃ রহমাতুল মুনিম**
সিনিয়র সচিব।

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
হাছিনা বেগম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd